NYC | Department of Health and Mental Hygiene | Department of Education

# 504 বিশেষ সুবিধা ব্যবস্থাসমূহ: শিক্ষার্থী ও পরিবারের গাইড

1973 সালের রিহ্যাবিলিটেশন অ্যাক্ট-এর সেকশন 504 অনুযায়ী পাবলিক স্কুলগুলোকে যোগ্য প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের বিশেষ ব্যবস্থা দেয়া আবশ্যক করে। এসব বিশেষ ব্যবস্থা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর বিভিন্ন প্রোগ্রাম ও কমর্কাণ্ডে অংশগ্রহণের জন্য শারীরিক সহায়তার চাহিদাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের প্রতিবন্ধিতাহীন সহাপাঠীদের অনুরূপ সমতাভিত্তিক হতে সহায়তা করে। এই গাইড ব্যাখ্যা দেয় কারা এই বিশেষ ব্যবস্থা লাভের যোগ্য, কীভাবে আবেদন করা যেতে পারে, এবং কীভাবে বিশেষ ব্যবস্থার পরিকল্পনাগুলি তৈরি করা হয়।

DOE প্রোগ্রাম বা কর্মকাণ্ড হলো, কোনও DOE ভবনে DOE-এর পাশাপাশি PA/PTA দ্বারা স্পন্সরকৃত আফটার স্কুল অথবা পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডসমূহ।

সেকশন 504 সম্পর্কে DOE-এর 504 অ্যাকোমোডেশন ওয়েবপেজ থেকে কিংবা আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করে আরও জানুন।

## কোন কোন শিক্ষার্থী 504 বিশেষ ব্যবস্থা পাবার যোগ্য?

শিক্ষার্থীরা যোগ্য বিবেচিত হবে যদি:

1. তাদের কোনো শারীরিক বা মানসিক বৈকল্য থাকে; এবং
2. বৈকল্যটি জীবনের কমপক্ষে একটি প্রধান কর্মকাণ্ডকে উল্লেখযোগ্যভাবে সীমিত করে।

### 1. শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতা

শারীরিক অথবা মানসিক বৈকল্যের কিছু উদাহরণ হলো শারীরিক প্রতিবন্ধিতা, স্বাস্থ্যগত অবস্থা, মানসিক বৈকল্য, এবং শিক্ষণ প্রতিবন্ধিতা।

স্বল্পস্থায়ী বা অনিয়মিত বৈকল্য হলে কী হবে?

- **স্বল্প মেয়াদী প্রতিবন্ধিতা** (যেমন ভাঙ্গা পা) একজন শিক্ষার্থীকে 504 বিশেষ ব্যবস্থা লাভের যোগ্য করতে পারে। কতদিন এই বৈকল্য স্থায়ী হয় এবং সেটা কতটুকু সীমিতকরণ করে তার উপর ভিত্তি করে এই ধরনের বিশেষ ব্যবস্থার তারতম্য হয়।
- **অনিয়মিত প্রতিবন্ধিতা** (যেমন হাঁপানি) একজন শিক্ষার্থীকে 504 বিশেষ ব্যবস্থা লাভের যোগ্য করতে পারে। শিক্ষার্থীরা তখনই যোগ্য হবে যখন প্রতিবন্ধিতা সক্রিয় থাকাকালীন সময় জীবনের একটি প্রধান কর্মকাণ্ড উল্লেখযোগ্যভাবে সীমাবদ্ধ করে।

### 2. জীবনের উল্লেখযোগ্য কর্মকাণ্ডসমূহের উদাহরণসমূহ

- নিজের যত্ন নেয়া
- হাঁটা
- দেখা
- শোনা
- স্পিকিং (কথা বলা)
- শ্বাস নেয়া
- মুখ্য শারীরিক ক্রিয়াসমূহ
- খাওয়া
- ঘুমানো
- দাঁড়ানো
- উত্তোলন করা
- ঝুঁকে পড়া
- রিডিং (পড়ে বোঝা)
- মনোনিবেশ
- চিন্তা করা
- যোগাযোগ করা
- শেখা
- কাজ সম্পর্কিত
- হাত দিয়ে কোনো কাজ করা

কোনো শিক্ষার্থীকে 504 বিশেষ ব্যবস্থার জন্য যোগ্য হতে হলে জীবনের প্রধান প্রধান কর্মকাণ্ডসমূহের উল্লেখযোগ্যভাবে সীমিতকরণের মধ্যে "শিক্ষা গ্রহণ বা শেখা" নাও হতে পারে।

আপনার সন্তানের কি কোনো প্রতিবন্ধিতা আছে যা তাকে উপরে তালিকাভুক্ত জীবনের কোনো কর্মকাণ্ড সম্পন্ন করা থেকে উল্লেখযোগ্যভাবে বিরত রাখে? যদি তাই হয়, আপনার সন্তান সেকশন 504-এর অধীনে বিশেষ ব্যবস্থা লাভের যোগ্য হতে পারে। সঠিক ফর্মগুলি স্কুলে জমা দেয়া হলে, প্রত্যেক শিক্ষার্থীর আবেদন পৃথকভাবে পর্যালোচনা করা হবে।

## সেকশন 504-এর আওতায় যোগ্য শিক্ষার্থীদের জন্য কী কী বিশেষ ব্যবস্থা রয়েছে এবং আমি কীভাবে সেগুলোর অনুরোধ জানাবো?

আপনার সন্তান বিশেষ সুবিধা পাবার যোগ্য হতে পারে। সকল ফর্ম DOE-এর হেলথ্ সার্ভিসেস্ (স্বাস্থ্য পরিষেবাসমূহ) অথবা '504 অ্যাকোমোডেশনস্ (বিশেষ সুবিধাসমূহ)' ওয়েবপেজে পাওয়া যাবে। ফর্মগুলির জন্য আপনি আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরকেও জিজ্ঞেস করতে পারেন।

504 বিশেষ সুবিধা ব্যবস্থা এবং 504 পরিকল্পনা পেতে, এই **504 অনুরোধের (রিকোয়েস্ট) ফর্মগুলো** আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের কাছে জমা দিন:

- HIPAA অনুমোদনসহ হেলথ সার্ভিস (স্বাস্থ্যগত পরিষেবা)/504 অ্যাকোমোডেশনস্ (বিশেষ ব্যবস্থা) অনুরোধের প্যারেন্ট ফর্ম (শিক্ষার্থীর পিতামাতা পূরণ করবেন); এবং
- মেডিকেল অ্যাকোমোডেশন্স রিকোয়েস্ট ফর্ম (চিকিৎসাজনিত বিশেষ সুবিধা ব্যবস্থার অনুরোধের ফর্ম) (শিক্ষার্থীর স্বাস্থ্য সেবা প্রদানকারী দ্বারা পূরণকৃত)।

**শিক্ষাগত এবং অন্যান্য বিশেষ ব্যবস্থা** সেইসব শিক্ষার্থীর জন্য, যাদের জন্য স্কুলভবনে, ক্লাসরুমে অথবা পরীক্ষায় বিশেষ ব্যবস্থা গ্রহণের প্রয়োজন রয়েছে। উদাহরণস্বরূপ, শ্রবণ-সমস্যাযুক্ত শিক্ষার্থীদের শিক্ষক বা ব্ল্যাকবোর্ডের কাছে বসার প্রয়োজন হতে পারে, অথবা কোনো শিক্ষার্থীর পরীক্ষায় বিরতি কিংবা বাড়তি সময় প্রয়োজন হতে পারে।

অন্য বিশেষ ব্যবস্থার অন্তর্ভুক্ত হতে পারে সহায়ক ডিভাইস বা সরঞ্জাম, বিশেষ আসবাবপত্র, ভবন অভিযোজন, এবং এলিভেটর ব্যবহার। ভবনের অভিগম্যতা (প্রতিবন্ধিতাযুক্তদের জন্য বিশেষ সুবিধা) সংক্রান্ত সকল প্রশ্ন নিয়ে পিতামাতাদের DOE-এর অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা ডিরেক্টর অভ প্লেসমেন্ট ফর ডিস্ট্রিক্ট 75-এর সাথে যোগাযোগ করা উচিত।

প্রতিবন্ধিতার কারণে যেসব শিক্ষার্থীর কাজে সহায়তা প্রয়োজন, তারা যাতে DOE প্রোগ্রাম ও কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারে, সেজন্য **প্যারাপ্রফেশন্যাল** নিযুক্তি দেওয়া হয়। উদাহরণস্বরূপ: প্রতিবন্ধিতাযুক্ত কোনো শিক্ষার্থী, যার ডায়াবেটিস আছে কিন্তু নিজের রক্তে গ্লুকোজের মাত্রা যে নিজে পর্যবেক্ষণ করতে পারে না অথবা কোনও শিক্ষার্থী যার শারীরিক বা শারীরবৃত্তীয় অক্ষমতার কারণে টয়লেট ব্যবহারে সহায়তার প্রয়োজন হয়।

**যাতায়াতে বিশেষ ব্যবস্থা**, যেমন সীমিত যাতায়াত সময় বা প্যারাপ্রফেশন্যাল সাপোর্ট (স্কুল বাসে ওয়ান-অন-ওয়ান সাপোর্ট প্রদানের জন্য) পর্যালোচনা করবে 504 টিম (যে শিক্ষার্থীর দীর্ঘমেয়াদী শারীরিক অবস্থা গণপরিবহন ব্যবহারে প্রতিবন্ধকস্বরূপ) কিংবা DOE অফিস অভ পিউপিল ট্রান্সপোর্টেশন (সাময়িক শারীরিক অবস্থা বা স্বল্প বা দীর্ঘমেয়াদী সীমিত যাতায়াতক্ষমদের জন্য)। আরও তথ্যের জন্য আপনার 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

**স্বাস্থ্য পরিষেবা** হলো সেসব পরিষেবা যেগুলো শিক্ষার্থীর ঔষধ সেবন (যেমন ডায়াবেটিস চিকিৎসার জন্য ইনস্যুলিন বা অ্যাজমার জন্য ইনহেলার) অথবা স্কুলে কোনও বিশেষ নার্সিং চিকিৎসা গ্রহণ করে তাদের জন্য প্রয়োজন। স্বাস্থ্য পরিষেবার অনুরোধ জানাতে, পিতামাতাকে অবশ্যই নিম্নলিখিত ফর্মগুলো শিক্ষার্থী স্বাস্থ্যসেবা প্রদানকারীকে দিয়ে পূরণ করিয়ে, শিক্ষার্থীর স্কুলে স্কুল নার্স/চিকিৎসা সংক্রান্ত পেশাদারের কাছে জমা দিতে হবে:

- মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম (MAF) (ওষুধ সেবনের জন্য); এবং/অথবা
- মেডিকেলি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফর্ম (ওষুধ সেবন ছাড়া)।

তাছাড়া কোনো 504 পরিকল্পনা প্রয়োজন হলে পিতামাতাকে অবশ্যই **504 রিকোয়েস্ট ফর্ম** 504 কোঅর্ডিনটর-এর কাছে জমা দিতে হবে।

## আমি বিশেষ ব্যবস্থার অনুরোধ জানাবার পরে কী ঘটবে?

পিতামাতা পূরণ করা **504 রিকোয়েস্ট ফর্মস্** 504 কোঅর্ডিনেটর-এর কাছে, এবং মেডিকেশন/মেডিকেল ট্রিটমেন্ট ফর্ম স্কুল ভবনের নার্স/চিকিৎসা পেশাদারের কাছে জমা দেওয়ার পর: 504 কোঅর্ডিনেটর আপনার প্রাথমিক রিকোয়েস্ট ফর্ম জমা দেওয়ার 5 স্কুল দিবসের মধ্যে একটি সভার সময়সূচি ধার্য করতে আপনার সাথে যোগাযোগ করবেন, এবং অনুরোধকৃত পরিষেবার ধরনের উপর ভিত্তি করে পূরণ করা **504 রিকোয়েস্ট ফর্মস্** পাওয়ার 15 বা 30 স্কুল দিবসের মধ্যে সভাটি হতে হবে। আপনি স্কুলভিত্তিক 504 টিমের অংশ হবেন যা আপনার অনুরোধ এবং আপনার সন্তান সম্পর্কিত অন্যান্য প্রাসঙ্গিক তথ্য আলোচনা করবে এবং আপনার সন্তান বিশেষ ব্যবস্থার জন্য উপযুক্ত কি না, এবং যদি উপযুক্ত হয়, তাহলে কোন বিশেষ ব্যবস্থাগুলো উপযুক্ত হবে, তা নির্ধারণ করবে।

### ডায়াবেটিস: অন্তর্বর্তীকালীন সেবা সংক্রান্ত সভা বা মিটিং

যত দ্রুত সম্ভব, এবং DOE-এর ডায়াবেটিস MAF গ্রহণের 5 স্কুল দিবসের মধ্যে (যদি না পিতামাতার সময়সূচির জন্য বাড়তি সময় প্রয়োজন হয়), স্কুল শিক্ষার্থীর চাহিদা এবং কখন ডায়াবেটিস MAF পূরণ করা হবে এবং পূরণ করার জন্য প্রস্তুত হবে, এবং কখন একটি চূড়ান্ত 504 পরিকল্পনা স্বাক্ষর ও বাস্তবায়নের জন্য প্রস্তুত হবে, যেমন হাইপো- এবং হাইপারগ্লিসেমিয়া, ব্লাড গ্লুকোজ মনিটরিং, ইনস্যুলিন প্রদান, এবং বিশেষ সুবিধার ব্যবস্থা, যেমন স্কুল দিবসব্যাপী খাদ্য ও পানীয়ের ব্যবস্থা রাখার জন্য স্টাফদের প্রশিক্ষণ, ইত্যাদি নিয়ে আলোচনার জন্য স্কুল অ্যাডমিনিস্ট্রেটর, 504 কোঅর্ডিনেটর, পিতামাতা, স্কুল নার্স এবং অফিস অভ স্কুল হেলথ্ সদস্য (যেমন বরো নার্সিং ডিরেক্টর, নার্সিং সুপারভাইজার, ডায়াবেটিস টিম সদস্য, স্বাস্থসেবা প্রদানকারী) সাথে একটি মিটিং আহ্বান করবেন, যদি সম্ভব হয়।

আরো তথ্যের জন্য পিতামাতার জন্য তথ্য-সংস্থান: DOE পাবলিক স্কুলগুলোতে শিক্ষার্থীদের জন্য ডায়াবেটিসজনিত সেবা এবং ডায়াবেটিস বিষয়ক ওয়েবপেজ (https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/staying-healthy/diabetes) দেখুন।

## 504 বিশেষ ব্যবস্থা সম্পর্কিত মিটিং-এ ("504 টিম মিটিং") কে কে অংশগ্রহণ করেন?

504 টিম মিটিংয়ে আপনি এবং আপনার সন্তানের সক্ষমতা সম্পর্কে যাদের ধারণা আছে, তারা থাকেন। যেসব তথ্য পর্যালোচনা করা হবে সেগুলো তারা বোঝেন এবং আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য যেসব বিশেষ সুবিধার ব্যবস্থা করা প্রয়োজন, সেগুলির ধরন সম্পর্কে তারা জানেন। 504 টিম মিটিং-এ নিচে উল্লিখিত প্রতিটি শ্রেণীবিভাগ থেকে অন্তত একজন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করতে হবে, যিনি উল্লেখিতে সক্ষম:

- আপনার সন্তানের সক্ষমতা এবং দক্ষতা নিয়ে কথা বলা। (যেমন, আপনার সন্তানের শিক্ষক অথবা গাইডেন্স কাউন্সেলর অংশগ্রহণ করতে পারেন।)
- **রিপোর্ট অথবা মূল্যায়ন ব্যাখ্যা করা।** (যেমন, স্কুলের সোশ্যাল ওয়ার্কার অথবা নার্স অংশ নিতে পারেন।)
- **আপনার সন্তানের চাহিদা পূরণ করতে পারে এমন বিশেষ সুবিধার ব্যবস্থা সম্পর্কিত তথ্য দিতে সক্ষম।** (যেমন, 504 কোঅর্ডিনেটর।)

স্বাস্থ্য পরিষেবার অনুরোধের ক্ষেত্রে স্কুল নার্স, কিংবা অফিস অভ স্কুল হেলথ্-এর কোনো সদস্যকে (যেমন বরো নার্সিং ডিরেক্টর, নার্সিং সুপারভাইজার, ডায়াবেটিস টিম সদস্য, স্বাস্থ্যসেবা প্রদানকারীর) অবশ্যই 504 টিম-এর একজন সদস্য হতে হবে।

## মিটিংয়ে কী ধরনের তথ্য পর্যালোচনা করা হয়?

504 টিম বিভিন্ন সূত্র থেকে, যেমন আপনার সন্তানের পরীক্ষা, পর্যবেক্ষণ, কাজের নমুনা, রিপোর্ট কার্ড এবং মেডিকেল রেকর্ড, ইত্যাদি থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করবে। এতে টিমের জন্য আপনার সন্তানের ক্ষমতা, সাফল্য, আচরণ, এবং স্বাস্থ্যগত চাহিদা বুঝতে সহায়ক হবে। শিক্ষার্থীর সামর্থ্য ও চাহিদার সবচেয়ে ভালো বিবরণ দেয় এমন যেকোনো তথ্য পিতামাতা ও স্কুল কর্মচারীরা উপস্থাপন করতে পারেন।

### আপনার সন্তানের ডাক্তারের দ্বারা রোগ-নির্ণয় এবং সুপারিশসমূহ

আপনার সন্তানের ডাক্তার অবশ্যই মেডিকেল অ্যাকোমোডেশন রিকোয়েস্ট ফর্ম পূরণ করবেন। স্কুলকে নির্দিষ্ট কিছু বিশেষ সুবিধা ব্যবস্থা প্রদানের জন্য ডাক্তার পরামর্শ দিতে পারেন। পরামর্শ দেয়া বিশেষ ব্যবস্থাগুলো উপযুক্ত কিনা, এবং উপযুক্ত হলে স্কুলে সেগুলি কীভাবে প্রদান করা হবে, সেবিষয়ে 504 টিম সিদ্ধান্ত নেবে।

## যোগ্যতা কীভাবে নিরুপিত হয়?

আপনার সন্তানের প্রতিবন্ধিতা তার জীবনের প্রধান কোনও কর্মকাণ্ডকে উল্লেখযোগ্যভাবে সীমিত করে কিনা, তা 504 টিম বিবেচনা করবে। মিটিংয়ে প্রদত্ত তথ্য পর্যালোচনার ভিত্তিতে টিম (দলটি) এই সিদ্ধান্ত নেবে এবং আপনার সন্তানের প্রতিবন্ধিত্ব স্কুলে তার কার্যসম্পাদনা অথবা অংশগ্রহণের উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলে কিনা, তা টিম (দলটি) বিবেচনা করবে।

সহায়ক সংজ্ঞাসমূহের জন্য এই গাইড-এর শেষে দেয়া **শব্দকোষ** দেখুন।

## একটি ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (ব্যক্তিগতকৃত শিক্ষা কর্মসূচি) এবং একটি 504 প্ল্যানের (পরিকল্পনার) মধ্যে পার্থক্য কী?

একজন শিক্ষার্থী, যে 13 টি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগের (ইনডিভিজুয়ালস্ উইদ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট এবং নিউ ইয়র্ক স্টেট ল-এর অধীনে সংজ্ঞায়িত) একটি অনুযায়ী যোগ্য, এবং যার বিশেষায়িত শিক্ষানির্দেশনা এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) আবশ্যক, তেমন শিক্ষার্থীর শিক্ষানির্দেশনার লক্ষ্য অর্জনের জন্য ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা (ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম) (IEP) তৈরি করে একটি IEP টিম। সেকশন 504 বিশেষ সুবিধার পরিকল্পনা ("504 প্ল্যান") হচ্ছে কোনো যোগ্যতাসম্পন্ন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যার DOE প্রোগ্রাম ও কর্মকাণ্ডসমূহে অংশগ্রহণের জন্য সহায়তার প্রয়োজন আছে, তার জন্য। IEP এবং স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্য https://www.schools.nyc.gov/learning/special-education/the-iep-process/the-iep -এ পাওয়া যাবে।

যখন কোনো শিক্ষার্থীর IEP থাকে, তখন তাদের 504 বিশেষ ব্যবস্থা সাধারণত প্রদান করা হয় IEP -এর মাধ্যমে। তবে, যে শিক্ষার্থীর IEP আছে বা তার মূল্যায়ন প্রক্রিয়াতে রয়েছে, স্কুলে নিরাপদে উপস্থিতির জন্য IEP-এর অতিরিক্ত **যার স্বাস্থ্য পরিষেবা আবশ্যক**, শিক্ষার্থীর IEP টিম স্কুলের 504 টিম-এর সাথে মিলিতভাবে একটি 504 পরিকল্পনা তৈরি করতে পারে যা হতে পারে চ্যান্সেলর-এর প্রবিধান A-710-এর সাথে সামঞ্জস্যপূর্ণ। যেসব শিক্ষার্থীর ডায়াবেটিস MAF রয়েছে, এবং যার ডায়াবেটিস-সংশ্লিষ্ট বিশেষ ব্যবস্থা রয়েছে, তাদের **অবশ্যই** IEP-এর পাশাপাশি পৃথক একটি ডায়াবেটিস 504 প্ল্যান থাকতে হবে।

## আমার সন্তান কি 504 পরিকল্পনার সাথে রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা) লাভ করতে পারে?

সাধারণত DOE-এর যেসব শিক্ষার্থীর সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) প্রয়োজন হয়, তারা সেগুলো একটি IEP-এর মাধ্যমে পেয়ে থাকে, 504 প্ল্যান বা পরিকল্পনার মাধ্যমে নয়। রিলেটেড সার্ভিসের জন্য যোগ্যতা ব্যক্তিভিত্তিক বিবেচনার দ্বারা নির্ধারণ করা হয়। রিলেটেড সার্ভিসের উদাহরণগুলির মধ্যে আছে ফিজিক্যাল থেরাপি, স্পিচ থেরাপি, এবং বাধ্যতামূলক কাউন্সেলিং সার্ভিস। যদি মনে হয় যে আপনার সন্তানের এইসব পরিষেবার প্রয়োজন আছে, সাধারণত 504 টিম তাকে স্কুল-ভিত্তিক IEP টিম অথবা ডিস্ট্রিক্ট কমিটি অন স্পেশাল এডুকেশনের কাছে সুপারিশ করবে।

## আমার সন্তানের স্বাস্থ্য পরিষেবার জন্য একটি 504 প্ল্যান (পরিকল্পনার) প্রয়োজন আছে কি?

যেসব শিক্ষার্থীর স্কুলে স্বাস্থ্য পরিষেবার প্রয়োজন রয়েছে, তাদের সকলের 504 প্ল্যান-এর (পরিকল্পনার) প্রয়োজন নাও হতে পারে। যদি আপনার সন্তানের স্বাস্থ্যগত পরিষেবা তার স্কুলের এবং অন্যান্য DOE প্রোগ্রাম ও কর্মকাণ্ডে তার প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের মত সমভাবে অংশগ্রহণের সক্ষমতাকে বাধাগ্রস্ত না করে, তাহলে তার 504 পরিকল্পনার প্রয়োজন নেই। পথনির্দেশনার জন্য আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

- **উদাহরণ 1:** দিনের কোনো এক সময় একটি শিক্ষার্থী তার পায়ের আঙুলে আঘাত পেল এবং চিকিৎসার জন্য নার্সের অফিসে গেল। তার অন্য কোনো সহায়তা অথবা বিশেষ ব্যবস্থার প্রয়োজন নেই।
    - **এই শিক্ষার্থীর 504 প্ল্যান-এর (পরিকল্পনার) প্রয়োজন নেই।**
- **উদাহরণ 2:** স্কুল চলাকালে, দিনের বিভিন্ন সময়ে কোন শিক্ষার্থীর ডায়াবেটিস থাকলে অবশ্যই তার রক্তে গ্লুকোজের লেভেল পর্যবেক্ষণ করতে হবে, নির্দিষ্ট সময়ে ইনসুলিন নিতে হবে এবং তার ডায়াবেটিসের কারণে বাথরুম বিরতি এবং গ্লুকাগন প্রয়োজন হতে পারে এবং ডায়াবেটিস জনিত সেবার অংশ হিসেবে স্ন্যাকস্ প্রয়োজন হতে পারে।
    - **এই শিক্ষার্থীর 504 প্ল্যান-এর (পরিকল্পনার) প্রয়োজন।**

## বিশেষ ব্যবস্থার আয়োজন কীভাবে করা হয়?

কোন কোন বিশেষ ব্যবস্থা আপনার সন্তানের স্বতন্ত্র চাহিদা সর্বোচ্চ পূরণ করে, সেটা 504 টিম স্থির করে। আপনার সন্তানের পরিস্থিতি কী রকম এবং সেটার কারণে শিক্ষার্থীর অংশগ্রহণ সক্ষমতার উপর কেমন গুরুতর প্রভাব পড়ছে, টিম সেটা বিবেচনা করবে। আপনার সন্তানকে স্কুলে অংশগ্রহণের সমান সুযোগ প্রদান করে, তারা এমন বিশেষ সুবিধা ব্যবস্থাগুলো বেছে নেবে।

শিক্ষার্থীদের **ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে** প্রয়োজনীয় বিশেষ ব্যবস্থা প্রদান করা হয় যাতে তার প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে সম্ভাব্য বেশি পরিমাণে আদান-প্রদানমূলক যোগাযোগ করা যায়। এর অর্থ হলো, প্রতিটি 504 টিম শিক্ষা-নির্দেশনা থেকে বঞ্চিত হওয়ার এবং সহপাঠীদের থেকে বিচ্ছিন্ন থাকার সময় সীমিত করার জন্য একটি আলাদাভাবে কোনো শিক্ষার্থীর 504 পরিকল্পনা তৈরি করা।

- **উদাহরণস্বরূপ:** ডায়াবেটিস আছে এমন কোনো শিক্ষার্থী যে স্কুলে তার নিজের স্বাস্থ্যগত অবস্থা স্বনির্ভরতার সাথে নিয়ন্ত্রণ করতে পারে না, তার জন্য একজন প্যারাপ্রফেশন্যাল নিযুক্ত করতে হবে যেন তিনি ক্লাসে, কিংবা স্কুল দিবসে শিক্ষার্থীর সাথে সর্বত্র, যেমন জিমন্যাসিয়াম বা হলওয়েতে, রক্তের গ্লুকোজ পর্যবেক্ষণ করতে পারেন।

ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ নির্ধারণ করতে প্রতিটি শিক্ষার্থীর জন্য যেসব বিশেষ সুবিধার ব্যবস্থার কথা বিবেচনা করতে হবে, সেগুলোর দৃষ্টান্তের মধ্যে অন্তর্ভুক্ত আছে:

1) শিক্ষার্থীর স্বাস্থ্য ও নিরাপত্তা (যেমন, শিক্ষার্থীকে স্থানান্তরিত না করে জরুরি ওষুধ প্রয়োগে প্রশিক্ষিত স্টাফের সক্ষমতা)
2) শিক্ষার্থীর চাহিদা ও অগ্রাধিকার
3) পিতামাতার অগ্রাধিকার
4) ক্লাসরুম বা শিক্ষানির্দেশনা থেকে বঞ্চিত হওয়ার সময় কমানো
5) প্রতিবন্ধিতা নেই, এমন সহপাঠী শিক্ষার্থীদের থেকে দূরে থাকা সময় কমানো
6) শিক্ষার্থীর সহ-প্রতিবন্ধিত্বের জন্য প্রয়োজনীয় বিশেষ সুবিধার ব্যবস্থা

তথ্য-উপকরণ, যেমন স্কুল নার্সের লভ্যতা, সকল শিক্ষার্থীর জন্য ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ নিশ্চিত করার বিষয়টি যথাযথ বিবেচনা নয়। কোথায় স্বাস্থ্য পরিষেবা দেওয়া হবে, 504 কোঅর্ডিনেটর, স্কুল নার্স, এবং 504 টিম-এর অপর সদস্যদের সম্পর্কিত প্রশ্নে 504 টিম প্রতিটি শিক্ষার্থীর জন্য আলাদা আলাদা মূল্যায়ন পরিচালনা করবে।

## আমার সন্তান একবার যোগ্য বিবেচিত হলে, সে কি সবসময় ওই বিশেষ ব্যবস্থার জন্য যোগ্য বিবেচিত হবে?

পিতামাতাদেরকে প্রতি বছর MAF এবং/অথবা মেডিকেলি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফর্ম **অবশ্যই জমা দিতে হবে**। নতুন **504 অনুরোধের ফর্মসমূহ** নতুন বা পরিবর্তিত স্বাস্থ্য বা বিশেষ সুবিধা ব্যবস্থার জন্য অনুরোধের ক্ষেত্রেও প্রয়োজন হবে, তবে বিদ্যমান বিশেষ সুবিধা ব্যবস্থা অব্যাহত রাখার জন্য প্রয়োজন নাও হতে পারে।

প্রয়োজন হলে প্রতি শিক্ষা বছর শেষ হওয়ার আগে অথবা আরো ঘনঘন 504 পরিকল্পনা পর্যালোচনা করা হবে, এবং পর্যালোচনার সময় প্রয়োজনে সংশোধন করা হবে।

আপনার সন্তানের প্রতিবন্ধিতা যদি অব্যাহত থাকে যা উল্লেখযোগ্য মাত্রায় তার স্কুল কর্মকাণ্ডে অংশগ্রহণ সীমিত করে, তাহলে আপনার সন্তান বিশেষ ব্যবস্থার যোগ্য থাকবে। শিক্ষা বছরের সম্ভাব্য শেষ দিকে আসন্ন শিক্ষা বছরের জন্য একটি নতুন পরিকল্পনা তৈরির করার লক্ষ্যে 504 টিম মিলিত হবে।

যদি সিদ্ধান্ত হয় যে, শিক্ষার্থীর প্রতিবন্ধিতা তার জীবনযাপনের আর কোনো গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডকে সীমিত করছে না, তাহলে শিক্ষার্থী আর বিশেষ সুবিধার যোগ্য থাকবে না (504 প্ল্যান সমাপ্তি হয়েছে)।

## আমার সাথে কীভাবে যোগাযোগ করা হবে?

স্কুলগুলি DOE সেকশন 504 পলিসি সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করবে। সকল স্কুল প্রতি বছর সেকশন 504-এর অধীনে নোটিস অভ নন-ডিসক্রিমিনেশন প্রকাশ করে এবং অনুরোধক্রমে শেয়ার করে।

যদি 504 টিম সিদ্ধান্ত নেয় যে আপনার সন্তান 504 বিশেষ সুবিধা ব্যবস্থা লাভের যোগ্য হয়, তবে আপনি পাবেন:

- **যোগ্যতা বিষয়ক বিজ্ঞপ্তি।** আপনি যদি যোগ্যতা নির্ধারণী সিদ্ধান্তে একমত না হন, তাহলে আপনার স্কুলের হেলথ ডিরেক্টরের সাথে কথা বলুন। যোগাযোগের তথ্য স্কুল প্রদান করবে বা সেটা সেকশন 504 ওয়েবপেজে পাওয়া যাবে। এছাড়াও আপনি হেলথ ডিরেক্টরের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে একটি নিরপেক্ষ হিয়ারিংয়ের অনুরোধ জানাতে

পারেন এবং এজন্য আপনাকে অবশ্যই একটি লিখিত অনুরোধ সিদ্ধান্তটি গ্রহণের 10 দিনের মধ্যে জমা দিতে হবে।

- **504 পরিকল্পনা।** যদি আপনার সন্তান বিশেষ ব্যবস্থা লাভের যোগ্য বলে বিবেচিত হয়, তাহলে 504 কোঅর্ডিনেটর 504 টিমের সাথে মতামত নিয়ে এবং প্রাসঙ্গিক নথিপত্রের ভিত্তিতে 504 পরিকল্পনা সম্পন্ন করবেন। পিতামাতার লিখিত সম্মতি ছাড়া কোনো 504 প্ল্যান বা পরিকল্পনা বাস্তবায়ন করা যাবে না, যা সাধারণত প্রদান করা হয় 504 টিম মিটিং-এ, যে মিটিং-এ বা মিটিং-এর পর খুব শীঘ্রই পরিকল্পনাটি সম্পন্ন হয়।
- **একটি পুনরায় অনুমোদনের বার্ষিক বিজ্ঞপ্তি (প্যারেন্ট লেটার – 504 বিশেষ ব্যবস্থার পুনরায় অনুমোদন)** এই চিঠিতে আপনাকে পরবর্তী স্কুল বছরে আপনার সন্তানের 504 বিশেষ ব্যবস্থাগুলো নবায়ন করতে আপনাকে কী কী পদক্ষেপ নিতে হবে তা উল্লেখ করবে।

আরও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-710 এবং সেকশন 504 অ্যাকোমোডেশন বা বিশেষ সুবিধাসমূহের ওয়েবপেজ দেখুন।

## সেকশন 504 প্রক্রিয়ায় আমার ভাষাগত সহায়তা পরিষেবা লাভের অধিকার আছে কি?

যেসব পিতামাতার পছন্দের ভাষা DOE চিহ্নিত NYC-এর বাসিন্দাদের ব্যবহৃত ইংরেজি-ভিন্ন নয়টি অধিকতম ব্যবহৃত ভাষাগুলোর ("অন্তর্ভুক্ত ভাষা) একটি হয়ে থাকে, তাহলে তাদের অনুরোধসাপেক্ষে 504 মিটিংগুলোতে দোভাষীর সহায়তা পাওয়ার এবং অনুবাদিত 504 পরিকল্পনা ও বিজ্ঞপ্তি লাভের অধিকার আছে। আপনি আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের কাছে ভাষাগত সহায়তার জন্য অনুরোধ করতে পারেন। যেসব পিতামাতা ইংরেজি-ভিন্ন অন্য কোনো ভাষা বা কোনো একটি অন্তর্ভুক্ত ভাষা পছন্দ করেন, তারাও ভাষাগত সহায়তা পরিষেবার অনুরোধ জানাতে পারেন।

যদি আপনার ভাষাগত সহায়তা পরিষেবা বিষয়ে উদ্বেগ থাকে, তবে অনুগ্রহ করে DOE-এর ওয়েবসাইটে (schools.nyc.gov/connect-with-us) বর্ণিত তীব্রতা বৃদ্ধির (এসকেলেশন) প্রক্রিয়া অনুসরণ করতে পারেন। যদি স্কুল অথবা ডিস্ট্রিক্ট পর্যায়ে আপনার উদ্বেগ প্রশমিত না হয়, তাহলে আপনি একটি অভিযোগ জমা দিতে পারেন। একটি অভিযোগ কীভাবে জমা দিতে হবে সেবিষয়ে ব্যাখ্যা করা হয়েছে, DOE-এর ওয়েবসাইটে -এ (https://www.schools.nyc.gov/school-life/school-environment/get-help/parent-complaints-and-appeals)

## আপনার আর কোনো প্রশ্ন আছে কি?

- কোনো প্রশ্ন থাকলে, DOE কিংবা DOE-এর নয় এমন কোনো পাঠ্যক্রম বহির্ভূত প্রোগ্রামে আপনার সন্তানের সুযোগ সম্পর্কে কোনো উদ্বেগ থাকলে আপনার সন্তানের 504 কোঅর্ডিনেটর বা হেলথ্ ডিরেক্টর-এর সাথে যোগাযোগ করুন। এছাড়াও DOE-এর সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজারের সাথে 504Questions@schools.nyc.gov ইমেইল ঠিকানায় যোগাযোগ করা যাবে।
- উপরে উল্লিখিত DOE-এর ওয়েবপেজ-এ দেওয়া বিবরণ থেকে বিশেষ ব্যবস্থা সম্পর্কে আরও জানুন।

## শব্দতালিকা

নিচে সেকশন 504 এবং চ্যান্সেলরের প্রবিধান A-710 অনুযায়ী বিশেষ ব্যবস্থার জন্য যোগ্য প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী-সংশ্লিষ্ট সংজ্ঞাসমূহের একটি সার-সংক্ষেপ দেওয়া হলো।

**যোগ্য শিক্ষার্থী:** (1) বয়স এমন, যখন প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদেরকে এলেমেন্টারি (প্রাথমিক) ও সেকেন্ডারি (মাধ্যমিক) শিক্ষা পরিষেবা প্রদান করা হয়; কিংবা এমন বয়সের যখন স্টেট-এর আইন অনুযায়ী প্রতিবন্ধিতাযুক্তদের জন্য এলিমেন্টারি ও সেকেন্ডারি শিক্ষা পরিষেবা প্রদান বাধ্যতামূলক হয়; অথবা (2) কোনো শিক্ষার্থী যাকে ইন্ডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিস এডুকেশন অ্যাক্ট (প্রতিবন্ধিতাযুক্তদের জন্য শিক্ষা বিধি, IDEA) অনুযায়ী বিনামূল্যে যথোপযুক্ত সরকারি শিক্ষা (ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন, FAPE) প্রদান করা স্টেট-এর জন্য বাধ্যতামূলক।

**প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তি:** (a) যার শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতা রয়েছে; (b) যা কমপক্ষে একটি জীবনযাপনমূলক কর্মকাণ্ডকে উল্লেখযোগ্যভাবে সীমিত করে। "প্রতিবন্ধিতা" সংজ্ঞায়িত হয় বিস্তৃতভাবে এবং প্রতিটি শিক্ষার্থীকে স্বতন্ত্রভাবে নির্ণয় করা হয়।

**শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতা:** যেকোনো শারীরবৃত্তীয় বৈকল্য বা অবস্থা, অথবা বিকৃত দর্শন হওয়া, কিংবা অস্থিবিষয়ক অবলুপ্তি যা শরীরের নিম্নবর্ণিত এক বা একাধিক বিষয়ে ক্ষতিগ্রস্ত করে: নিউরোলজিকাল; মাস্কুলোস্কেলিটাল; স্পেশাল সেন্স অর্গ্যানস্; স্পিচ অর্গ্যান্সসহ রেস্পিরেটরি; কার্ডিওভাস্কুলার; রিপ্রোডাকটিভ; ডাইজেস্টিভ; জেনিটো-ইউরিনারি; হেমিক ও লিম্ফেটিক; স্কিন; এবং অ্যান্ডোক্রাইন; অথবা কোনো মানসিক বা মন-বিজ্ঞান জনিত বৈকল্য।

**প্রধান প্রধান জীবনযাপনমূলক কর্মকাণ্ড:** উদাহরণস্বরূপ:

- কারও যত্ন নেওয়া, হাত দিয়ে কোনো কাজ করা, হাঁটা, দেখা, শোনা, কথা বলা, শ্বাস নেওয়া, শেখা, মনোনিবেশ করা, চিন্তা করা এবং কাজ করা; এবং
- প্রধান প্রধান শারীরিক ক্রিয়া (যেমন ইমিউন সিস্টেম বা রোগ প্রতিরোধক ব্যবস্থার ক্রিয়াকলাপ, স্বাভাবিক কোষ বৃদ্ধি, এবং ডাইজেস্টিভ, বাওয়েল, ব্লাডার, নিউরোলজিক্যাল, ব্রেইন, রেসপিরেটরি, সার্কুলেটরি, এবং অ্যান্ডোক্রাইন ফাংশনস্ বা ক্রিয়াকলাপ)।

**পর্যাপ্তভাবে সীমিতকরণ:** সীমিতকরণের পর্যায় নির্ধারিত হয় ব্যক্তি ভিত্তি, এবং সেটা ব্যাখ্যা করা হয় সাধারণ চশমা ও কন্ট্যাক্ট লেন্স ছাড়া প্রশমনের জন্য গৃহীত অন্যান্য নিবারণমূলক ব্যবস্থার (যেমন ওষুধ, প্রস্থেটিক ডিভাইস, সহায়ক বা অ্যাসিস্টিভ ডিভাইস) উপর প্রভাব বিবেচনা না করে। কোনো বৈকল্য পর্যাপ্তভাবে সীমিতকরণকারী হিসেবে বিবেচিত হতে হলে সেটাকে জীবন-যাপনের কোনো গুরুত্বপূর্ণ কাজকর্মকে রোধ করতে বা বাধাস্বরূপ হতে হবে, সেটা নয়।

**প্রোগ্রাম বা কর্মকাণ্ড:** আফটার স্কুল প্রোগ্রাম বা DOE-এর ভবনে অনুষ্ঠিত প্যারেন্ট অ্যাসোসিয়েশন (PA)/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (PTA) অথবা DYCD COMPASS কিংবা SONYC স্পন্সরকৃত পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডসহ DOE স্পন্সরকৃত যেকোনো প্রোগ্রাম বা কর্মসূচি।